আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে কুরবানীর উট হাঁকিয়ে নিতে দেখে বললেন, এর পিঠে আরোহণ কর। সে বলল, এ তো কুরবানীর উট। তিনি বললেন, এর পিঠে সওয়ার হয়ে চল। আমি তাকে দেখলাম তার পিঠে সাওয়ার হয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে চলতে ছিলেন।

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফূ‘ হিসেবে বর্ণিত: আল্লাহর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে কুরবানীর উট হাঁকিয়ে নিতে দেখে বললেন,
এর পিঠে আরোহণ কর। সে বলল, এ তো কুরবানীর উট। তিনি বললেন, এর পিঠে সওয়ার হয়ে চল। আমি তাকে দেখলাম তার পিঠে সাওয়ার হয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে চলতে ছিলেন। অপর শব্দে: তিনি দ্বিতীয় বা তৃতীয়বারে বললেন, এর পিঠে আরোহণ কর, তোমার
সর্বনাশ! অথবা তোমার ধ্বংস।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন এক ব্যক্তিকে আরোহণ করার প্রয়োজন থাকা সত্বেও কুরবানীর জন্তু নিয়ে পায়ে হেটে যেতে দেখেন, তিনি তাকে বলেন, তুমি তাতে সাওয়ার হও। তাদের নিকট কুরবানীর পশু সম্মানী ছিল-তাকে কোন কষ্ট দেওয়া যায় না। তাই লোকটি বলল, এটি কুরবানীর পশু বাইতুল্লাহর উদ্দেশ্য প্রেরণ করা হয়েছে। তারপর সে বলল, তুমি তাতে সাওয়ার হও যদিও তা বাইতুল্লাহর প্রতি প্রেরিত। কথাটি সে দ্বিতীয় ও তৃতীয়বার পুণরাবৃত্তি করল, ফলে তিনি তাকে কঠোরভাবে বললেন, তুমি সাওয়ার হও।

https://sunnah.global/hadeeth/bn/show/3152